

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.২২

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮

২৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকা দায়েরকৃত এ.টি.নং-৪৬২/২০২১ পরিচালনা

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার সদর উপজেলার সরকারি সাঁদত কলেজের জনাব শামসুন নাহারসহ মোট ৫৯৩ (পাঁচশত তিরানব্বই) জন বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের অধ্যাপকদের বেতন ওয় গ্রেডে নির্ধারণ ও উন্নতীকরণকে কেন্দ্র করে প্রশাসনিক ট্রাইব্যুনালে-১ ঢাকায় এ.টি.আপিল নং-৪৬২/২০২১ মামলা দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ ০৪ (চার) জন-কে বিবাদী করা হয়েছে। আগামী ০৯/০৩/২০২২ ইং তারিখে মধ্যে বিবাদীগনকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠ সহ (যদি থাকে) অনুলিপি সহকারে ০২(দুই) প্রস্থ অত্র প্রশাসনিক ট্রাইব্যুনালে সকাল ১০.০০ ঘটিকার মধ্যে দাখিল করার নির্দেশনা রয়েছে। উক্ত মামলার বিরুদ্ধে সচিব মহোদয়ের পক্ষ থেকে নিম্নোক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক এ বিভাগ অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) এ.টি মামলার আপীল নম্বর-৪৬২/২০২১ এর বিষয় সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকার সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সিনিয়র সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা।
- (গ) এ.টি মামলার ধার্য তারিখে জবাব প্রদান করা ও সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।
- (ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ।

২৩-২-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.২২/১(৬)

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮

২৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৩-২-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব